**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
প্রশাসন - ১ অধিশাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
ওয়েবসাইটঃ www.mohfw.gov.bd

নং-স্বাপকম/প্রশা-১/বিবিধ-২৬/০৭- ১১৩৫ তারিখঃ ১৭/০৪/১৪২৩ বঙ্গাব্দ
০১/০৮/২০১৬ খ্রিস্টাব্দ

বিষয়ঃ ১৫ আগস্ট, ২০১৬ স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪১তম শাহাদত বার্ষিকীতে জাতীয় শোক দিবস পালনের লক্ষ্যে এ মন্ত্রণালয় কর্তৃক কর্মসূচি গ্রহণ সংক্রান্ত বিষয়ে ২৮.০৭.২০১৬ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণীঃ

**সভাপতি : জনাব হারুন-উর-রশীদ খান, অতিরিক্ত সচিব (পরিবার কল্যাণ ও কার্যক্রম)**
**তারিখ : ২৮/০৭/২০১৬ খ্রিঃ**
**সময় : বিকাল ৩:০০ ঘটিকা**
**স্থান : মন্ত্রণালয়ের সভাকক্ষ (কক্ষ নং-৩৩২, ভবন নং-৩, বাংলাদেশ সচিবালয়, ঢাকা)**

স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪১তম শাহাদত বার্ষিকীতে জাতীয় শোক দিবস পালনের লক্ষ্যে এ মন্ত্রণালয় কর্তৃক কর্মসূচি গ্রহণের বিষয়ে ২৮.০৭.২০১৬ তারিখ বেলা ৩.০০ ঘটিকায় অতিরিক্ত সচিব (প্রশাসন) মহোদয়ের সভাপতিত্বে দপ্তর/সংস্থার প্রতিনিধিদের নিয়ে অনুষ্ঠিত হবার জন্য নির্ধারিত সভাটি অতিরিক্ত সচিব (প্রশাসন) মহোদয়ের অন্যত্র জরুরি কাজ থাকায় অতিরিক্ত সচিব (পরিবার কল্যাণ ও কার্যক্রম) এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। সভায় উপস্থিত কর্মকর্তাবৃন্দের নামের তালিকা পরিশিষ্ট 'ক'-তে সংযোজিত।

০২। সভার শুরুতে সভাপতি স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্মৃতির প্রতি গভীর শ্রদ্ধা জ্ঞাপন করে এবং উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতি অবহিত করেন যে, আগামী ১৫ আগস্ট, ২০১৬ স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪১তম শাহাদত বার্ষিকীতে জাতীয় শোক দিবস পালিত হবে। এ দিবস পালনের জন্য মন্ত্রণালয়ভিত্তিক কর্মসূচি প্রণয়ন করা প্রয়োজন। অতঃপর তিনি আলোচ্যসূচি অনুযায়ী বিষয়টি সভায় উপস্থাপনের জন্য সভায় উপস্থিত সদস্যবৃন্দকে আহবান জানান।

০৩। এ বিষয়ে যুগ্মসচিব (পার) সভাকে অবহিত করেন যে, স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪১তম শাহাদত বার্ষিকীতে জাতীয় শোক দিবস পালনের কর্মসূচি চূড়ান্তকরণ সংক্রান্ত বিষয়ে বিগত ১০.০৭.২০১৬ তারিখ মন্ত্রিপরিষদ সচিব মহোদয়ের সভাপতিত্বে এক আন্ত:মন্ত্রণালয় সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় ১৫ আগস্ট, ২০১৬ তারিখ রোজ সোমবার স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪১তম শাহাদত বার্ষিকীতে যথাযথ মর্যাদায় ও ভাবগম্ভীর পরিবেশে সমগ্র বাংলাদেশ এবং প্রবাসে জাতীয় শোক দিবস পালনের উদ্দেশ্যে কর্মসূচি গ্রহণ করা হয়। গৃহীত কর্মসূচির মধ্যে '২.১১' কর্মসূচিতে "জেলা ও উপজেলা পর্যায়ে যথাযোগ্য মর্যাদার সঙ্গে জাতীয় শোক দিবস পালনের জন্য আলোচনা সভা ও দোয়া মাহফিল আয়োজন এবং জাতীয় কর্মসূচির সঙ্গে সঙ্গতি রেখে স্ব-স্ব কর্মসূচি প্রণয়ন ও বাস্তবায়ন এবং জেলা ও উপজেলায় আয়োজিত অনুষ্ঠানসমূহে সরকারি কর্মকর্তাগণের উপস্থিতি নিশ্চিতকরণের বিষয়ে সকল মন্ত্রণালয়/বিভাগ তাদের আওতাধীন অধিদপ্তর/সংস্থাসমূহকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করবে মর্মে উল্লেখ করা হয়। সে অনুযায়ী এ মন্ত্রণালয় হতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা আবশ্যক।

০৪। যুগ্মসচিব (প্রশাসন) সভাকে অবহিত করেন যে, দিবসটি পালনের লক্ষ্যে কর্মসূচি গ্রহণের জন্য জনপ্রশাসন মন্ত্রণালয়ে এক সভা অনুষ্ঠিত হয়। সভায় দিবসটি উপলক্ষে সুবিধাজনক সময়ে জনপ্রশাসন মন্ত্রণালয়ের কর্মকর্তা/ কর্মচারীদের উদ্যোগে স্বেচ্ছায় রক্তদান কর্মসূচির আয়োজন করা হবে। রক্তদান কর্মসূচির জন্য সচিবালয় ক্লিনিক অথবা ওসমানী স্মৃতি মিলনায়তনের সম্মুখে ২০টি বুথ স্থাপন করা হবে। উক্ত কর্মসূচি সফলভাবে বাস্তবায়নের জন্য বুথসমূহে

প্রয়োজনীয় সংখ্যক চিকিৎসক, নার্স, টেকনিশিয়ানসহ সার্বিক টেকনিক্যাল সহায়তা এ মন্ত্রণালয় হতে প্রদান করতে হবে মর্মে আলোচনা হয়।

০৫। এ বিষয়ে বর্ণিত সভায় অংশগ্রহণকারী এ মন্ত্রণালয়ের হাসপাতাল-২ অধিশাখার উপসচিব সভাকে অবহিত করেন যে, জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক আয়োজিতব্য রক্তদান কর্মসূচিতে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়সহ অন্যান্য মন্ত্রণালয়কে সম্পৃক্ত করার বিষয়টিও আলোচনা করেন। উপপ্রধান (যুগ্মসচিব) এইচআরএম দিবসটি পালন উপলক্ষে রক্তদান কর্মসূচির পাশাপাশি জেলা ও উপজেলা পর্যায়ে আরো কোন কর্মসূচি যেমনঃ বয়স্কদের জন্য ডায়াবেটিস, রক্তচাপ ও ইসিজি পরীক্ষা করার ব্যবস্থা নেয়া যায় কিনা সে সম্পর্কে সভায় আলোকপাত করেন।

০৬। সভায় বিস্তারিত আলোচনা ও পর্যালোচনা করে সর্বসম্মতিক্রমে নিম্নবর্ণিত কর্মসূচি গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

| ক্রমিক নং | কর্মসূচি | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| ১. | স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় এবং অধিনস্থ দপ্তর/সংস্থাসমূহের পক্ষে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের ব্যানারে ১৫ আগস্ট, ২০১৬ তারিখ সকাল ৭.০০ ঘটিকায় ধানমন্ডির ৩২ নং রোডে অবস্থিত বঙ্গবন্ধু স্মৃতি জাদুঘরে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ করা হবে। এ উপলক্ষে মন্ত্রণালয় ও দপ্তর/সংস্থার কর্মকর্তা-কর্মচারীগণ সকাল ৭.০০ টার পূর্বেই সোবাহানবাগ মসজিদের সম্মুখে একত্রিত হবেন। | মন্ত্রণালয়ের প্রশাসন অনুবিভাগ (প্রশাসন-২ শাখা) |
| ২. | স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪১তম শাহাদত বার্ষিকীতে দিবসটি পালন উপলক্ষে মন্ত্রিপরিষদ বিভাগের ০৪.০০.০০০০.৪১৬.২৩.০০১.১৬. ২২৯, তারিখঃ ১৪.০৭.২০১৬ নং পত্রে বর্ণিত কর্মসূচি ২.১১ অনুযায়ী মন্ত্রণালয়ের আওতাধীন সকল দপ্তর/সংস্থাসমূহ কর্তৃক "জেলা ও উপজেলা পর্যায়ে যথাযোগ্য মর্যাদার সঙ্গে জাতীয় শোক দিবস পালনের জন্য আলোচনা সভা, রক্তদান কর্মসূচি ও দোয়া মাহফিল আয়োজন এবং জাতীয় কর্মসূচির সঙ্গে সঙ্গতি রেখে স্ব-স্ব কর্মসূচি প্রণয়ন ও বাস্তবায়ন করবে এবং অতিরিক্ত কর্মসূচি যেমন: বয়স্কদের জন্য ডায়াবেটিস, উচ্চ রক্তচাপ বিশেষ সেবামূলক কর্মসূচি গ্রহণ করবে। | স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের অধীন সকল দপ্তর/সংস্থা |
| ৩. | জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক আয়োজিতব্য রক্তদান কর্মসূচি সফলভাবে বাস্তবায়নের জন্য সচিবালয় ক্লিনিক অথবা ওসমানী স্মৃতি মিলনায়তনের সম্মুখে স্থাপিতব্য বুথসমূহে (২০ টি) প্রয়োজনীয় সংখ্যক চিকিৎসক, নার্স, টেকনিশিয়ানসহ সব রকমের লজিস্টিক সহায়তা প্রদানের লক্ষ্যে ৩১.০৭.২০১৬ খ্রিঃ তারিখের মধ্যে বুথে কাজ করার জন্য জনবলের নামের তালিকা এবং কর্মপরিকল্পনা এ মন্ত্রণালয়ের প্রেরণ করতে হবে। | স্বাস্থ্য অধিদপ্তর |
| ৪. | (ক) জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক আয়োজিতব্য রক্তদান কর্মসূচি সফলভাবে বাস্তবায়নে সহায়তা প্রদানের জন্য গঠিত কমিটি নিম্নরূপঃ<br><br>(১) যুগ্মসচিব (প্রশাসন), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণাল — আহবায়ক<br>(২) উপসচিব (হাসপাতাল-২),স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণাল — সদস্য<br>(৩) সিভিল সার্জন, সচিবালয় ক্লিনিক,স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণাল — সদস্য<br>(৪) পরিচালক (প্রশাসন), স্বাস্থ্য অধিদপ্তর — সদস্য<br>(৫) পরিচালক, ঢাকা মেডিকেল কলেজ হাসপাতাল — সদস্য<br>(৬) পরিচালক (আইইএম), পরিবার পরিকল্পনা অধিদপ্তর — সদস্য<br>(৭) পরিচালক (হাসপাতাল), স্বাস্থ্য অধিদপ্তর — সদস্য<br>(৮) উপ-পরিচালক (পার-১)স্বাস্থ্য অধিদপ্তর — সদস্য<br>(৯) সিনিয়র সহকারী সচিব (নার্সিং), স্বাস্থ্য মন্ত্রণালয় — সদস্য<br>(১০) পরিচালক (নার্সিং), সেবা পরিদপ্তর — সদস্য<br>(১১) উপসচিব (প্রশাসন), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় — সদস্য সচিব | মন্ত্রণালয়ের প্রশাসন অনুবিভাগ |

| | | |
|---|---|---|
| | (খ) এ মন্ত্রণালয় হতে ১৫ আগস্ট, ২০১৬ তারিখ দিবসটি পালন উপলক্ষে গৃহীত কর্মসূচি সুষ্ঠুভাবে বাস্তবায়নের জন্য গঠিত কমিটি নিম্নরূপঃ<br><br>(১) যুগ্মসচিব (পার), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় — আহবায়ক<br>(২) উপসচিব (কাউন্সিল ও মনিটনিং),স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় — সদস্য<br>(৩) পরিচালক (প্রশাসন), স্বাস্থ্য অধিদপ্তর — সদস্য<br>(৪) পরিচালক (প্রশাসন), পরিবার পরিকল্পনা অধিদপ্তর — সদস্য<br>(৫) সিনিয়র সহকারী সচিব (প্রশাসন-২),স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় — সদস্য সচিব<br><br>প্রয়োজনে কমিটিতে সদস্য অন্তর্ভুক্ত করা যাবে। | |
| ৫. | স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪১তম শাহাদত বার্ষিকীতে দিবসটি পালন উপলক্ষে মন্ত্রিপরিষদ বিভাগের ০৪.০০.০০০০.৪১৬.২৩.০০১.১৬. ২২৯, তারিখঃ ১৪.০৭.২০১৬ নং পত্রে বর্ণিত সংশ্লিষ্ট সিদ্ধান্ত বাস্তবায়ন করতে হবে। | স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের অধীন সকল দপ্তর/সংস্থা |
| ৬. | জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক আয়োজিতব্য রক্তদান কর্মসূচিতে আগাম দু'টি এ্যাম্বুলেন্স রেডি রাখার জন্য স্বাস্থ্য অধিদপ্তরকে ব্যবস্থা গ্রহণ করতে হবে। | স্বাস্থ্য অধিদপ্তর |
| ৭. | রক্তদান কর্মসূচির সংগৃহীত রক্ত কোন্ সংস্থা (রেডক্রিসেন্ট/কোয়ান্টাম/সন্ধানী) গ্রহণ করবে তা মাননীয় মন্ত্রী ও সচিব মহোদয়ের সাথে আলোচনা করে ঠিক করতে হবে। | অতিরিক্ত সচিব (প্রশাসন) / অতিরিক্ত সচিব হাসপাতাল এবং যুগ্মসচিব (প্রশাসন) |

<u>রক্তদান কর্মসূচী বাস্তবায়নের জন্য নিম্নরূপে একটি Work plan প্রস্তুত করা হলো</u>

| ক্রমিক নং | তারিখ | গৃহিত কার্যক্রম | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ১ | ০১-০৮-২০১৬ | জনপ্রশাসন মন্ত্রণালয়ের উদ্যোগে এবং স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের সহযোগিতায় গৃহিত রক্তদান কর্মসূচী বাস্তবায়নের জন্য প্রয়োজনীয় সংখ্যক ডাক্তার / নার্স / টেকনিশিয়ান নিয়োগের জন্য ব্যবস্থা গ্রহণ। | মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, সিভিল সার্জন, বাংলাদেশ সচিবালয় ক্লিনিক। |
| ২ | ০১-০৮-২০১৬ | রক্তদান কর্মসূচী সফল ভাবে বাস্তবায়নের জন্য দুটি এ্যাম্বুলেন্স সরবরাহের প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ। | মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, |
| ৩ | ০২-০৮-২০১৬ | রক্তদান কর্মসূচীতে রক্তগ্রহণকারী প্রতিষ্ঠান নির্বাচন। | অতিরিক্ত সচিব (প্রশাসন) / অতিরিক্ত সচিব (হাসপাতাল) |
| ৪ | ০৪-০৮-২০১৬ | রক্তদান কর্মসূচীর সফলভাবে বাস্তবায়নের জন্য একটি মেডিকেল টিম গঠন করা। | সিভিল সার্জন, বাংলাদেশ সচিবালয় ক্লিনিক। |
| ৫ | ০৭-০৮-২০১৬ | রক্তদানকারী ব্যক্তিদের রক্তের Screening ব্যবস্থা গ্রহণ। | সিভিল সার্জন, বাংলাদেশ সচিবালয় ক্লিনিক। |
| ৬ | ০৮-০৮-২০১৬ | রক্তদান কর্মসূচী সফলভাবে বাস্তবায়নের জন্য প্রয়োজনীয় সংখ্যক জনবল, চিকিৎসা উপকরণের যাবতীয় ইত্যাদির প্রদানের ব্যবস্থা করা। | মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, অতিরিক্ত সচিব (প্রশাসন), অতিরিক্ত সচিব (হাসপাতাল) এবং সিভিল সার্জন, বাংলাদেশ সচিবালয় ক্লিনিক। |

০৭। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাঃ/
তাং-৩১/০৭/২০১৬
(হারুন-উর-রশীদ খান)
অতিরিক্ত সচিব

নং-স্বাপকম/প্রশা-১/বিবিধ-২৬/০৭- ১১৬৮/১(৯৫) তারিখঃ ০১/০৮/২০১৬ খ্রিস্টাব্দ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। অতিরিক্ত সচিব (সকল), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় ।
৩। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর/ পরিবার পরিকল্পনা অধিদপ্তর/নিপোর্ট/ স্বাস্থ্য অর্থনীতি ইউনিট/ঔষধ প্রশাসন অধিদপ্তর, ঢাকা।
৪। যুগ্মসচিব/যুগ্মপ্রধান (সকল), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
৫। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
৬। প্রধান প্রকৌশলী, স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, মতিঝিল, ঢাকা।
৭। উপসচিব/উপপ্রধান (সকল),স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় ।
৮। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
৯। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
১০। সিভিল সার্জন, সচিবালয় ক্লিনিক, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১১। চীফ টেকনিক্যাল ম্যানেজার, নিমিউ এন্ড টিসি, মহাখালী, ঢাকা।
১২। সিনিয়র সহকারী সচিব/সিনিয়র সহকারী প্রধান/সহকারী সচিব/সহকারী প্রধান (সকল), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় ।
১৩। পরিচালক, সেবা পরিদপ্তর, মতিঝিল, ঢাকা।
১৪। ওয়ার্কশপ ম্যানেজার, টেমো, মহাখালী, ঢাকা।
১৫। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)

(মোঃ হাফিজুর রহমান চৌধুরী)
উপসচিব
ফোনঃ ৯৫৭৭৯৮৫
sasadmin1@mohfw.gov.bd